

প্রিয় ধারা 8 এর সম্পত্তি মালিক ও অংশগ্রহণকারীগণ,

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) করোনভাইরাস (COVID-19) পর্যবেক্ষণ করার জন্য NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের (Department of Health and Mental Hygiene, DOHMH) সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করা অব্যাহত রেখেছে, এবং কর্তৃপক্ষ যে সব নতুন পদক্ষেপগুলি গ্রহণ করছে, আমরা আপনাকে সেগুলির বিষয়ে জানাতে চাই।

- **সিটি আপৎকালীন অবস্থার অধীনে থাকার সময় কমপক্ষে 60 দিনের জন্য সব পরিসমাপ্তির পদক্ষেপ স্থগিত রাখা হচ্ছে।** এর অন্তর্ভুক্ত হল বার্ষিক পুনঃপ্রত্যয়ন, পরিদর্শন ও জালিয়াতির সাথে সম্পর্কিত পরিসমাপ্তির পদক্ষেপ।
- **যে বার্ষিক ও অন্তর্বর্তী পুনঃপ্রত্যয়নগুলির পরিণামে ভাড়াটের ভাড়ার অংশ বৃদ্ধি পায় সেগুলির জন্য কার্যকর হওয়ার তারিখ হবে 1 মে 2020 বা তার পরে।** এটা এই সময়কালে পরিবারগুলির ভাড়া অবিলম্বে বেড়ে যাওয়া প্রতিরোধ করবে।

অনুস্মারক হিসেবে, অনুগ্রহ করে নিম্নলিখিতটি মনে রাখুন:

- অনলাইন অনুরোধ জমা দেওয়া, নথিপত্র জমা দেওয়া এবং স্থিতির আপডেটের জন্য ওনার এক্সট্রানেট (Owner Extranet) ও সেলফ-সার্ভিস পোর্টাল (Self-Service Portal) উপলব্ধ থাকবে।
- আমাদের জনসমাজগুলিকে নিরাপদে রাখার জন্য আমরা এই গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলি গ্রহণ করছি। আমরা ধারা 8 এর সম্পত্তি মালিকদের উচ্চ জনঘনত্ব থাকা ও ভাগাভাগি করে ব্যবহার করা জায়গাগুলিকে জীবাণুমুক্ত করার দ্বারা একই কাজ করতে উৎসাহিত করি। আপনি যদি ইতিমধ্যেই তা না করে থাকেন, তাহলে এই এলাকাগুলির ওপরে আরো ঘন ঘন নজর দেওয়ার জন্য সম্পত্তির মালিকদের উচিত তাদের রুটিন রক্ষণাবেক্ষণের কার্যপ্রণালী পরিবর্তন করা।

আমরা আপনাকে COVID-19 এর বিষয়ে সাম্প্রতিক তথ্য দেওয়া চালিয়ে যাব, সেগুলি যেমন যেমন ঘটতে থাকবে। আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে (Customer Contact Center, CCC) 718-707-7771 নম্বরে ফোন করুন।

COVID-19 সম্বন্ধে আরো তথ্যের জন্য [nyc.gov/coronavirus](https://nyc.gov/coronavirus) দেখুন।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।